

উৎকর্ষ কেন্দ্রের মর্যাদা পাচ্ছে শিবপুর, যাদবপুর

নিজস্ব প্রতিনিধি : কলকাতা, ২৩শে ফেব্রুয়ারি — বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়কে উৎকর্ষ কেন্দ্র (সেন্টার অব এসেলেপ) বা ইনস্টিটিউট অব ন্যাশনাল ইম্পর্টপ-এর মর্যাদা দিচ্ছে কেন্দ্রীয় সরকার। বৃহস্পতিবার কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের বৈঠকে ঠিক হয়েছে দেশের ৭টি বিশ্ববিদ্যালয়কে উৎকর্ষ কেন্দ্র হিসাবে স্বীকৃতি দেওয়ার। এরমধ্যে বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়। তবে এরা যেকোন একটি ক্ষেত্রে এই উৎকর্ষ কেন্দ্র গড়ে তুলতে পারবে। বৃহস্পতিবার বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি উপাচার্য এন আর ব্যানার্জি এখবর জানিয়েছেন। তিনি জানান, দেশের ৭টি বিশ্ববিদ্যালয়কে একটি ক্ষেত্রে নির্দিষ্ট করে উৎকর্ষ কেন্দ্র হিসাবে কোনো প্রকল্প রিপোর্ট আগামী ৮ থেকে ১০ দিন জমা দিতে বলেছে কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রক। এরজন্য আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৬০০ কোটি খরচ হবে। তবে এই অর্থ প্রদানের আগে রাজ্য সরকার, কেন্দ্রীয় সরকার, বিশ্ববিদ্যালয় এবং ইউ জি সি-র মধ্যে একটি সমঝোতাপত্র চুক্তি স্বাক্ষরিত হবে।

এন আর বন্দ্যোপাধ্যায় জানান, উৎকর্ষ কেন্দ্র গড়ার জন্য কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রক বেশ কিছু

শর্ত দিয়েছিল। যেমন, সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়কে সর্বভারতীয় ক্ষেত্রের নিরিখে ছাত্র ভর্তি করতে হবে। পশ্চিমবঙ্গে যে জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা হয় তাতে সর্বভারতীয় ছাত্রছাত্রীরা বসতে পারেন। দ্বিতীয় শর্ত হিসাবে ছিল শিক্ষক নিয়োগ করতে হবে সর্বভারতীয় নিরিখে। পশ্চিমবঙ্গে ইতোমধ্যেই বিজ্ঞাপন দিয়ে শিক্ষক নিয়োগ করা হয়। এছাড়াও সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়গুলির কোন লিগ্যাল স্টেটাস পরিবর্তন হবে না বলে কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রক মেনে নিয়েছে। কেন্দ্রীয় সরকারের শর্ত লিগ্যাল স্টেটাস পরিবর্তন করতে হবে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয়গুলির তীর আপত্তি ছিল।